

**2020**  
**BENGALI**  
**[HONOURS]**

**Paper : I**

**[OLD SYLLABUS]**

Full Marks : 100

Time : 4 Hours

*The figures in the right-hand margin indicate marks.*

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

- ১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোনো পাঁচটি) :  $১ \times ৫ = ৫$
- ক) 'বীতংস' কার লেখা?
- খ) 'সবুজ পত্র' কার সম্পাদনায় প্রথম প্রকাশিত হয়? প্রকাশসাল কত?
- গ) 'আলালের ঘরের দুলাল' কবে প্রকাশিত হয়?
- ঘ) পালাগানের মতো করে লেখা চৈতন্যজীবনী গ্রন্থটির নাম কী?
- ঙ) শ্রীকর নন্দী মহাভারতের কোন্ পর্বের অনুবাদ করেন?
- চ) গুণরাজ খান উপাধি কে পেয়েছিলেন?
- ছ) হরপ্রসাদ শাস্ত্রীর মতানুসারে চর্যাপদের প্রকৃত নাম কী ছিল?
- জ) শ্রীধর দাসের সংকলিত গ্রন্থটির নাম কী?

- ২। যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ৬ = ১২$
- ক) নিম্নে উল্লিখিত কাব্যগ্রন্থ দুটির কবি কে কে ছিল? 'সংবর্ত' ও 'সন্দীপের চর'।
- খ) গিরিশচন্দ্র ঘোষের একটি পৌরাণিক নাটক ও একটি সামাজিক নাটকের নাম লেখো।
- গ) 'ত্রয়ী' কাব্যগ্রন্থ কার রচনা? কাব্যগ্রন্থগুলির নাম করো।
- ঘ) সৈয়দ মুজতবা আলীর প্রথম প্রকাশিত গ্রন্থের নাম কী? এটি কবে প্রকাশিত হয়?
- ঙ) 'বাগীশ্বরী শিক্ষা প্রবন্ধাবলী' কার লেখা? তাঁর লেখা বাংলার লোকসংস্কৃতি বিষয়ক গ্রন্থের নাম কী?
- চ) শিবায়ন কাব্যের একজন কবি ও তাঁর রচিত কাব্যের নাম করো।
- ছ) "যাঁহা যাঁহা বিকসয়ে তনু তনু জ্যোতি তাঁহা তাঁহা বিজুরি চমকময় হোতি।।" —কোন্ কবির কোন্ পর্যায়ের পদ?
- জ) 'উইচারা খাই বনে নামেতে ভালুক নিউগি চৌধুরী নই না রাখি তালুক।' — কোন্ কবির কোন্ কাব্যগ্রন্থের পংক্তি?
- ৩। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ৪ = ৮$
- ক) উল্লিখিত চারটি শব্দের পরিভাষা লেখো।  
Auditory Phonetics, Comparative Method, Dialectology, International Phonetic Alphabet
- খ) প্রাচীন ভারতে প্রথম অভিধান রচনার প্রয়াস কার রচনার মধ্যে দেখা যায়? গ্রন্থটির নাম কী ছিল?

- গ) কোন্ উপভাষায় অপিহিনিতির ব্যাপক প্রভাব লক্ষ করা যায়? সেই উপভাষার আর একটি বৈশিষ্ট্য লেখো।
- ঘ) প্রগত সমীভবন বলতে কী বোঝ? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।
- ঙ) পরিভাষা কাকে বলে? উদাহরণসহ বোঝাও।
- চ) কোন্ লিপি থেকে বাংলা লিপির উদ্ভব হয়েছে বলে মনে করা হয়? সেই লিপিটির দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।
- ছ) আদি মধ্যযুগের বাংলা ভাষার একটি ধ্বনিতাত্ত্বিক ও একটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।
- ৪। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৬ \times ৪ = ২৪$
- ক) গল্পকার রাজশেখর বসুর গল্পগুলির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে হাস্যরসিক হিসেবে তাঁর পরিচয় তুলে ধরো।
- খ) বাংলা নাটকের ধারায় দীনবন্ধু মিত্রের অবস্থানটি নির্দেশ করো।
- গ) রবীন্দ্রোত্তর যুগের কবি হিসেবে কবি মোহিতলাল মজুমদারের কাব্যসৃষ্টির সংক্ষিপ্ত পরিচয় লিপিবদ্ধ করো।
- ঘ) বাংলা গদ্য সৃষ্টির আদিপর্বে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ভূমিকাটি সংক্ষেপে পরিস্ফুট করো।
- ঙ) শান্তপদকর্তা হিসেবে রামপ্রসাদ সেনের কবিকৃতিত্বের পরিচয় তুলে ধরো।
- চ) বাংলাদেশে মধ্যযুগে অনুবাদ সাহিত্যে উদ্ভবের কারণ উল্লেখ করে অনুবাদ সাহিত্যের ধারায় কৃত্তিবাসের অবদান চিহ্নিত করো।

- ৫। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $৬ \times ১ = ৬$
- ক) অভিধান কাকে বলে? অভিধানের উদ্দেশ্যগুলি লিপিবদ্ধ করো।
- খ) বাংলা ভাষার শব্দভাণ্ডারের সংক্ষিপ্ত পরিচয় লিপিবদ্ধ করো।
- ৬। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১৫ \times ২ = ৩০$
- ক) রূপক - সাংকেতিক নাটক রচয়িতা হিসেবে রবীন্দ্রনাথের মৌলিকত্ব নিজের ভাষায় বুঝিয়ে দাও।
- খ) বাংলা কবিতাকে জীবনানন্দ দাশের কবিপ্রতিভা কতটা অনন্যতা দিয়েছে আলোচনা করো।
- গ) চৈতন্যপূর্ববর্তী যুগের দুই পদকর্তা বিদ্যাপতি ও চণ্ডীদাসের কবিপ্রতিভার তুলনামূলক আলোচনা লিপিবদ্ধ করো।
- ঘ) তোমার মতে চৈতন্যজীবনী কাব্যগুলির মধ্যে কোনটি শ্রেষ্ঠ? উক্ত কাব্যটির শ্রেষ্ঠত্ব প্রতিপাদন করো।
- ৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $১৫ \times ১ = ১৫$
- ক) সাম্প্রতিক কালের বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ লিপিবদ্ধ করো।
- খ) বাংলা ভাষার উপভাষা কয়টি? প্রত্যেকটি উপভাষা অঞ্চলকে চিহ্নিত করে রাঢ়ী উপভাষার ভাষাতাত্ত্বিক পরিচয় দাও।